
নিষিদ্ধ ঘোষিত আওয়ামী লীগ নেতা ও সাবেক মন্ত্রী মোশাররফ হোসেন জামিনে মুক্তি পেলেন



সংগৃহীত ছবি

নিষিদ্ধ ঘোষিত আওয়ামী লীগের নেতা ও সাবেক মন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন জামিনে মুক্তি পেয়েছেন। দীর্ঘ ৯ মাস কারাবন্দি থাকার পর বৃহস্পতিবার (১৪ আগস্ট) কেরানীগঞ্জের ঢাকা কেন্দ্রীয় কারাগার থেকে মুক্তি পান তিনি। বর্তমানে বার্ধক্যজনিত অসুস্থতার কারণে বিএসএমএমইউর আইসিইউতে চিকিৎসাধীন আছেন।

আওয়ামী লীগের বর্ষীয়ান নেতা ও সাবেক মন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন বৃহস্পতিবার (১৪ আগস্ট) বিকেল ৫টা ৩৫ মিনিটে কেরানীগঞ্জের ঢাকা কেন্দ্রীয় কারাগার থেকে জামিনে মুক্তি পান। মুক্তির সময় তিনি বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ) হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন।

ঢাকা কেন্দ্রীয় কারাগারের জেলার এ কে এ এম মাসুম জানান, চট্টগ্রাম ও ঢাকাসহ একাধিক মামলায় গ্রেফতার ছিলেন তিনি। সর্বশেষ রাজধানীর পল্টন থানার একটি মামলায় জামিন মেলে। গত বছরের ২৭ অক্টোবর গ্রেফতারের পর তিনি কারাগারে ছিলেন। চলতি মাসের ৫ আগস্ট মধ্যরাতে অসুস্থ হয়ে পড়লে কারা হাসপাতাল থেকে বিএসএমএমইউ হাসপাতালে স্থানান্তর করা হয়। বর্তমানে তিনি আইসিইউতে চিকিৎসা নিচ্ছেন।

মোশাররফ হোসেন চট্টগ্রাম-১ (মীরসরাই) আসন থেকে সাতবার সংসদ সদস্য নির্বাচিত হয়েছেন এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের দায়িত্ব পালন করেছেন।